গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
কালাই,জয়পুরহাট।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২০২৫ এর আওতায় তথ্য অধিকার বিষয়ে বার্ষিক প্রতিবেদন।

# প্রকাশঃ ১৫/১০/২০২৪ খ্রিঃ

প্রকাশেঃ উপজেলা সমবায় কার্যালয় কালাই,জয়পুরহাট।

সম্পাদক
মোঃ জাহাঙ্গীর আলম
উপজেলা সমবায় অফিসার
জালাই,জয়পুরহাট।

সম্পাদনা সহযোগী

১। মোঃ মাহবুবর রহমান
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় অফিস
কালাই,জয়পুরহাট।

০২। মোঃ হারুনুর রশিদ
সহকারী কাম কম্পিউটার অপারেটর
কালাই,জয়পুরহাট।

প্রকাশকাল
১৫/১০/২০২৪খ্রিঃ

প্রকাশনায়
উপজেলা সমবায় কার্যালয়
কালাই,জয়পুরহাট।

যুগ্ম-নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
রাজশাহী বিভাগ, রাজশাহী



বাণী

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অধীন জয়পুরহাট জেলার ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

আজন্ম বাঙ্গালী জাতীর স্বপ্ন বৈষম্য দূরীকরণের মাধ্যমে একটি সুখী-সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ার। তারই ধারাবাহিকতায় সমবায় অধিদপ্তর সমবায় সমিতির মাধ্যমে সোনার বাংলা গড়ার অগ্রণী ভূমিকা পালন করে আসছে। সমবায় বিভাগ গ্রামীন দরিদ্র জনগোষ্ঠির দারিদ্র বিমোচন ,আর্থ- সমাজিক অবস্থার উন্নয়ন,কর্মস্থানের সৃষ্টি,নারী ক্ষমতায়ন ও দারিদ্র্য হ্রাসে সমবায় সমিতিগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। অর্থনীতির সকল খাতেই সমবায় কর্মকান্ড পরিচালিত হচ্ছে। সমবায় বিভাগ ও সমবায় সমিতি সমূহ দেশের অর্থনৈতিক ও সামাজিক যে, অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য জেলা সমবায় কাযালয় ,জয়পুরহাট কর্তৃক বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় এ বছর বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫ প্রকাশিত হল। প্রতিবেদনটিতে জয়পুরহাট জেলার সমবায় কাযক্রমের পরিসংখ্যান হিসাবে সমবায় সমিতি গুলোর সংখ্যা,ব্যক্তি সদস্য,শেয়ার মুলধন,সঞ্চয়ন আমানত গঠিত অন্যান্য তহবিল গৃহিত ও দাদনকৃত ঋণ ,আদায়কৃত ঋণ,বার্ষিক অডিট করণ,সরকারী রাজস্ব আদায় ,লভ্যাংশ বিতরণ ইত্যাদির পাশাপাশি সমরায় অধিদপ্তর ও এর আওতাধীন প্রশিক্ষণ এর মাধ্যমে সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তুলে ধারা ও যাবতীয় তথ্যসহ জয়পুরহাট জেলার এবংঅধিনস্ত প্রতিস্থান সমূহের কর্মকান্ড এ প্রতিবেদনে সন্নিবেশিত ।

অর্থনীতিকে সচল রাখতে অব্যাহতভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশের পিছিয়ে পড়া জনগোষ্ঠির মান উন্নয়নে কাজ করে যাচ্ছে এবং সক্রিয়ভাবে অবদান রেখে চলেছে। উৎপাদন,বিপণন ও সুষম বন্টন ব্যবস্থায় বৈষম্য দূরীকরণে ভূমিকা রেখে জাতীয় অর্থনীতিকে শক্তিশালী করণেও দৃশ্যমান অবদান রাখতে পারে।

প্রতিবেদনটি জয়পুরহাট জেলার কর্মকান্ড প্রচারে অবদান রাখবে এবং জেলার কর্মকান্ড সম্পর্কে জানতে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট সমাদৃত হবে বলে আমি বিশ্বাস করি। এ প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ,প্রনয়ন ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

প্রতিবেদনটির মানোন্নয়নে সকলের পরামর্শ সাদরে গৃহিত হবে।

জেলা সমবায় অফিসার ( অতিরিক্ত দায়িত্ব )
জয়পুরহাট।



## বাণী

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অধীন জয়পুরহাট জেলার ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

আজন্ম বাঙ্গালী জাতীর স্বপ্ন বৈষম্য দূরীকরণের মাধ্যমে একটি সুখী-সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ার। তারই ধারাবাহিকতায় সমবায় অধিদপ্তর সমবায় সমিতির মাধ্যমে সোনার বাংলা গড়ার অগ্রণী ভূমিকা পালন করে আসছে। সমবায় বিভাগ গ্রামীন দরিদ্র জনগোষ্টির দারিদ্র বিমোচন ,আর্থ- সমাজিক অবস্থার উন্নয়ন,কর্মস্থানের সৃষ্টি,নারী ক্ষমতায়ন ও দারিদ্র্য হ্রাসে সমবায় সমিতিগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। অর্থনীতির সকল খাতেই সমবায় কর্মকান্ড পরিচালিত হচ্ছে। সমবায় বিভাগ ও সমবায় সমিতি সমূহ দেশের অর্থনৈতিক ও সামাজিক যে, অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য জেলা সমবায় কাযালয় ,জয়পুরহাট কর্তৃক বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় এ বছর বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫ প্রকাশিত হল। প্রতিবেদনটিতে জয়পুরহাট জেলার সমবায় কাযক্রমের পরিসংখ্যান হিসাবে সমবায় সমিতি গুলোর সংখ্যা,ব্যক্তি সদস্য,শেয়ার মুলধন,সঞ্চয়ন আমানত গঠিত অন্যান্য তহবিল গৃহিত ও দাদনকৃত ঋণ ,আদায়কৃত ঋণ,বার্ষিক অডিট করণ,সরকারী রাজস্ব আদায় ,লভ্যাংশ বিতরণ ইত্যাদির পাশাপাশি সমরায় অধিদপ্তর ও এর আওতাধীন প্রশিক্ষণ এর মাধ্যমে সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তুলে ধারা ও যাবতীয় তথ্যসহ জয়পুরহাট জেলার এবংঅধিনস্ত প্রতিষ্ঠান সমূহের কর্মকান্ড এ প্রতিবেদনে সন্নিবেশিত ।

অর্থনীতিকে সচল রাখতে অব্যাহতভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশের পিছিয়ে পড়া জনগোষ্ঠির মান উন্নয়নে কাজ করে যাচ্ছে এবং সক্রিয়ভাবে অবদান রেখে চলেছে। উৎপাদন,বিপণন ও সুষম বন্টন ব্যবস্থায় বৈষম্য দূরীকরণে ভূমিকা রেখে জাতীয় অর্থনীতিকে শক্তিশালী করণেও দৃশ্যমান অবদান রাখতে পারে।

প্রতিবেদনটি জয়পুরহাট জেলার কর্মকান্ড প্রচারে অবদান রাখবে এবং জেলার কর্মকান্ড সম্পর্কে জানতে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট সমাদৃত হবে বলে আমি বিশ্বাস করি। এ প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ,প্রনয়ন ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

প্রতিবেদনটির মানোন্নয়নে সকলের পরামর্শ সাদরে গৃহিত হবে।

জেলা সমবায় অফিসার
লাই,জয়পুরহাট।





## বাণী

সমবায় অধিদপ্তরের নিবন্ধিত সমবায় সমিতি সমূহ বাংলাদেশের আর্থ –সামাজিক অগ্রগতি অর্জনে দীর্ঘ দিন যাবত প্রশংসনীয় ভূমিকা পালন করে আসছে। দরিদ্র জনগোষ্ঠির ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়কে একীভূত করে সমবায় আন্দোলনের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে ভিত্তি স্থাপন করেছে। বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতিকে ত্বরান্বিত করতে সমবায় আন্দোলনের বিকল্প নেই। সমবায় অধিদপ্তর ও সমবায় সমিতি সমূহ দেশের অর্থনৈতিক ও সমাজিক উন্নয়ন যে অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য প্রতিবছর সমবায় অধিদপ্তর কর্তৃক বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় এ বছর বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫ প্রকাশিত হল।প্রতিবেদনটিতে কালাই উপজেলা ব্যাপী সমবায় কার্যক্রমের পরিসংখ্যান হিসাবে সমবায় সমিতি গুলোর সংখ্যা,ব্যক্তি সদস্য,শেয়ার মূলধন,সঞ্চয় আমানত,গঠিত অন্যান্য তহবিল গৃহীত ও দাদনকৃত ঋণ,আদায়কৃত ঋণ ,বার্ষিক অডিট সম্পাদন,সরকারী রাজস্ব আদায়,লভ্যাংশ বিতরণ ইত্যাদির পাশাপাশি সমবায় অধিদপ্তর ও এর আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তলে ধরা হয়েছে।

প্রকাশিত প্রতিবেদনটি অত্র উপজেলার কর্মকান্ড প্রচারে অবদান রাখবে এবং উপজেলার কর্মকান্ড সম্পর্কে জানতে আগ্রহী সংশ্লিষ্ঠ ব্যক্তিবর্গের নিকট সমাদৃত হবে বলে আমি বিশ্বাস করি।

বার্ষিক প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ,প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

প্রতিবেদনটির মানোন্নয়নে সকলের পরামর্শ সাদরে গৃহিত হবে।

| বি | শিরোনাম | পদবি | ই-মেইল | মোবাইল নং | ফোন (অফিস) |
|---|---|---|---|---|---|
|  | মোঃ জাহাঙ্গীর আলম | উপজেলা সমবায় অফিসার | Uco_kalai@yahoo.com | ০১৭২৫০১৫২৯০ | ০৫৭১৫৬১০৪ |
|  | মোঃ মাহবুবর রহমান | সহকারী পরিদর্শক | | ০১৭৪৪৪৮৯৪১৬ | ০৫৭১৫৬১০৪ |
|  | মোঃ হারুনুর রশিদ | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | | ০১৭১০৯০৫২৬৯ | ০৫৭১৫৬১০৪ |
|  | মোঃ সুজাউল হোসেন | অফিস সহায়ক | | ০১৭৩৮৩৪৩৫৭৯ | ০৫৭১৫৬১০৪ |

# এক নজরে কালাই, উপজেলা

## কালাই উপজেলা আয়তন -২৩৮.৫ বর্গ কিলোমিটার

উপজেলা সমবায় কার্যালয় কালাই,জয়পুরহাট এর সচিত্র সংক্ষেপে নিম্নে উল্লেখ করা হলঃ

কালাই উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি,০১ টি।

প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা,২০১ টি।

| | |
|---|---|
| ০১। কৃষি সমবায় সমিতি | = ০৩ |
| ০২। মৎস্যজীবি/মৎস্যচাষী সমবায় সমিতি লিঃ | =৮২ |
| ০৩। তন্তবায় সমবায় সমিতি লিঃ | = ০৪ |
| ০৪। শ্রমজীবি সমবায় সমিতি লিঃ | =০৩ |
| ০৫। আদর্শ গ্রাম ভূমিহীন সমবায় সমিতি লিঃ | = ০৮ |
| ০৬। মহিলা সমবায় সমিতি লিঃ | =০২ |
| ০৭। পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ | =০৪ |
| ০৮। যুব সমবায় সমিতি লিঃ | = ২০ |
| ০৯। সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | =৪৯ |
| ১০। ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ | = ০৬ |
| ১১। সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ | = ০১ |
| ১২। কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | = ০১ |
| ১৩। বহুমুখী সমবায় সমিতি লিঃ | =০৬ |
| ১৪। আশ্রয়ণ সমবায় সমিতি লিঃ | =১২ |

উক্ত প্রাথমিক সমবায় সমিতিগুলোর সদস্য সংখ্যা ১০৯০৪ জন। এর মধ্য পুরুষ ,৫৯৬০ জন এবং মহিলা,৪৯৪৪ জন। প্রাথমিক সমবায় সমিতির শেয়ার মুলধন,৮১.৬ টাকা। সঞ্চয় আমানত,২৫৬.৯২ টাকা এবং কার্যকরি মুলধন,৩০২.৭৭ টাকা।


সমিতির নামঃ মহেশপুর তিনমাথা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ

নিবন্ধন নং:- ১৩/২০২০, তারিখ:-২৩/০২/২০২০

সমিতির ঠিকানা:-গ্রাম:মহেশপুর,ডাক:মোলামগাড়ীহাট,উপজেলা: কালাই, জেলা: জয়পুরহাট

| | |
|---|---|
| ভূমিকা | মহেশপুর তিনমাথা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি:''গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জেলা সমবায় কার্যালয় জয়পুরহাট কর্তৃক নিবন্ধিত একটি সমিতি। এই সমিতি টি জিন্দারপুর ইউনিয়নের সুবিধা বঞ্চিতদের নিয়ে গঠিত। যা পরিচালনার জন্য একটি ছয় জন (০৬)সদস্য বিশিষ্ট দক্ষ ব্যবস্থাপনা কমিটি রয়েছে। সমবায় আইন অনুযায়ী প্রতি তিন বছর অন্তর অন্তর পরিচালনা কমিটির নির্বাচন সম্পন্ন করা হয়ে থাকে। প্রতি অর্থবছর শেষে সমিতির আর্থিক অবস্থা এজিএম এর মাধ্যমে সকল সদস্যদের নিকট তুলে ধরা হয়। সমিতি হতে সদস্যদেও সহজ শর্তে ঋণ প্রদান করা হয়। যাতে সদস্যরা ঋণ নিয়েতাদের আয়বৃদ্ধি ও পারিবারিক অবস্থার উন্নয়ন করতে পারে। ইতিমধ্যে অনেকে সফল হয়ে পারিবারের আর্থিক অবস্থার পরিবর্তন করেছে।এই সমিতির সার্বিক উন্নয়নে জেলা ও উপ-জেলা সমবায় কর্মকর্তা অগ্রণী ভূমিকা পালন করে । |
| সদস্য সংখ্যার বিভিন্ন কর্মসূচি | সদস্য সংখ্যার বিভিন্ন কর্মসূচি এই সমিতিতে ৩০শে সেপ্টেম্বর২০২৪ ইং তারিখ পর্যন্ত মোট সদস্য সংখ্যা ২৫জন। যারা নিয়মিত শেয়ার, সঞ্চয় ও ঋণ ফেরত সমিতিতে নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করে থাকে। সমিতির কার্যক্রমের মধ্যে রয়েছে:- ১.গরু পালন ২. ছাগল পালন ৩. কৃষিকাজ ৪..মাছচাষ ইত্যাদি। |
| কার্যক্রমের বর্ণনা | সমিতিতে প্রত্যেক মাসে ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। এই সমিতি হতে সদস্যদের মাসিক ভিত্তিতে একক ঋণ প্রদান করা হয়ে থাক। <br> সদস্য ঋণ নিয়ে ছাগল পালন কার্যক্রম <br>  |

| | |
|---|---|
| বিগত বছর গুলোর কর্মকান্ডের বর্ণনা | বিগত অর্থ-বছরে শেয়ার,সঞ্চয়, ঋণ আদায়, লভ্যাংশ বিতরণ,সিডিএফ প্রদান,নিরীক্ষা কার্যক্রম, বার্ষিক সাধারণ সভা ও ব্যবস্থাপনা কমিটির সভা যথা সময়ে করা হয়েছে।<br>০১। সমিতির বার্ষিক সাধারন সভা<br>সমিতির বার্ষিক অডিট সম্পাদন<br> |
| কেস স্ট্যাডি | সমিতিতে সদস্য হয়ে এক জন সফল সদস্য হিসেবে মোঃ ইউনুছ প্রামানিক এর সফলতার গল্পগুলি তুলে ধরাহল:- মোঃ ইউনুছ প্রামানিক এর পরিবারের সদস্য সংখ্যা ০৪জন । যার মধ্যে তার স্ত্রীসহ ০২টি ছেলে রয়েছে। তারাজয়পুরহাট জেলার কালাই উপজেলার জিন্দারপুর ইউনিয়নের মহেশপুর গ্রামে বসবাস করেন । তারসদস্য নাম্বার ০৫। সমিতিতে সদস্য হওয়ার পূর্বে তার পারিবারিক অবস্থা ভলোছিলনা। তিনি পেশায় একজন দিন মজুর ও তার স্ত্রী একজন গৃহিনী। তাদের চাষাবাদের জন্য কোন জমি না থাকায় অন্যের জমিতে কাজ করত। তার দিন মজুর এর টাকা দিয়া সংসার চলতো না ।তখন তিনি প্রতিবেশীর কাছ থেকে জেনে‘‘মহেশপুর তিনমাথা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি:’’ এ যান এবং সমিতিতে সদস্য হিসেবে অর্ন্তভুক্ত হন। তিনি পরবর্তীতে ছাগলপালনের জন্য ২০,০০০ টাকা ঋণ গ্রহন করেন। যা দিয়ে কয়েকটি ছাগল ক্রয় করেন এবং বাড়িতে নিজেতা লালন-পালন করেন। এক বছরে তার ছাগলের সংখ্যাবৃদ্ধি পাওয়ার মাধ্যমে তিনি ঐ বছর ছাগলপালন থেকে ৩০,০০০/- টাকা আয়করতে সক্ষম হন এবং সংসারের আয় বৃদ্ধিতে অংশ নিতে করতে পারেন। এর পর তিনি পর্যায়ক্রমে গরুপালনের জন্য ৩০,০০০/-,টাকা ঋণ গ্রহন করেন। বর্তমানে মোঃ ইউনুছ প্রামানিক নিজে তার পরিবারের জন্য বছরে ১,২০,০০০/- টাকা আয় করেন। বর্তমানে তার বাড়ীতে ০৫টি ছাগল, ০৫ টিগরু ও ৫০শতাংশ জমি ইজারা নিয়েধান ও সবজি চাষা বাদ করেন। এখন তাদের পারিবারিক আর্থিক অবস্থার উন্নয়ন ঘটানো সম্ভব হয়েছে। সমিতির সভাপতি মোঃইদ্রিস আলী বলেন যে, মোঃ ইউনুছ প্রামানিক কঠোর পরিশ্রম ও আত্ববিশ্বাসের মাধ্যমে আজকে সে সফল হতে পেরেছে আমরা তো সফল তার জন্য গর্বিত। |



একক ঋণ নিয়ে গরু পালন

| | |
|---|---|
| মডেল সমবায় সমিতি | একটি মডেল সমবায় সমিতির যে সকল বৈশিষ্ট রয়েছে''মহেমপুর তিনমাথা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি:'' এ তা লক্ষ্য করা যায়। সমিতিটির মডেল হওয়ার বর্ণনা তুলেধরাহল:-সমিতি টি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জেলা সমবায় কার্যালয় জয়পুরহাট কর্তৃক নিবন্ধন প্রাপ্ত সমিতি। সমিতিটি নিবন্ধিত হয় ২৩-০২-২০২০ খ্রীষ্টাব্দে। সমিতিটি নিবন্ধিত হয়ে মোট ২০/- জন সদস্য নিয়ে সমিতি পরিচালনার কার্যক্রম শুর করে। বর্তমানে সমিতিটির মোট সদস্য সংখ্যা ২৫ জন,ঋণীসদস্য সংখ্যা ০৫/- জন। আর্থ সামাজিক অবস্থাও জীবন যাত্রার মান উন্নয়ন,নারীর ক্ষমতায়ন, শিক্ষা,স্বাস্থ ও সেবা মূলক সামাজিক কর্মসূচিতে সমিতির সংশ্লিষ্ঠতা আছে। সমিতিতে নিয়মিত অংশগ্রহণ মূলক বার্ষিক সাধারণ সভা, ব্যবস্থাপনা কমিটির সভা, সভায় কার্য-বিবরনী লিপি বদ্ধকরণ, গৃহীত সিদ্ধান্ত সমুহ বাস্তবায়ন ,যথা সময়ে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। প্রতি বছর সমিতির যথা সময়ে নিরীক্ষা কার্যক্রম সম্পাদন ও বার্ষিক সাধারণ সভায় বাজেট উপস্থাপন ও অনুমোদন করা হয়েছে। সমিতির সকল লেনদেন ব্যাংক এর মাধ্যমে সম্পাদন করে থাকে । প্রতি মাসে সদস্যদের কাছ থেকে নিয়মিত শেয়ার,সঞ্চয় ও ঋণ আদায় করা হয়ে থাকে। সমবায় সমিতির আইন ও বিধি মোতাবেক সংরক্ষিত ও অন্যান্য তহবিল গঠন এবং ঋণ কার্যক্রম চলমান আছে । সমিতি টিতে নীট লাভ অর্জিত হচ্ছে এবং যথা সময়ে লভ্যাংশ বিতরণ করা হয়েছে। সমিতিটি ধার্যকৃত অডিট ফি ও সিডিএফ পরিশোধ করা হয়েছে। সমবায় সমিতিটি আইন বিধিমালা, উপ-আইন,সার্কুলারসহ আদেশ-নির্দেশ অনুসরনকরা হয়ে থাকে। সমিতি কর্তৃক আয়োজিত সকল প্রোগ্রামে তথ্য প্রযুক্তি ব্যবহার করা হয়। সমিতিটি সর্বদা জেলা /উপজেলা সমবায় অফিসারের যোগাযোগ রক্ষা করে। পরিশেষে বলা যায়, উপরোক্ত বৈশিষ্ট গুলো একটি মডেল সমবায়ের পরিচয় দেয়। তাই''মহেমপুর তিনমাথা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি:''একটি মডেল সমবায় সমিতি বলে আমরা মনে করি। |
| লভ্যাংশ বিতরণ ও সিডি এফ আদায় | প্রতি অর্থ বছরের অডিট অনুযায়ী নির্ধারিত লভ্যাংশবিতরণ ও সিডিএফ নিদ্দিষ্ট সময়ে পরিশোধ করা হয়ে থাকে। |
| অডিটসম্পর্কিত তথ্য | প্রতি বছর নিয়মিত অডিট কার্যক্রম সমিতির সহযোগীতায় সম্পাদন করা হয়েছে। |
| ব্যাংক ও অন্যান্য তথ্য | সমিতির নামে রুপালীব্যাংক মোলামগাড়ীগাট শাখায় ১টি একাউন্ট রয়েছে, যার হিসাব নং- (১) ৪১৮৪০১০০০৭৪৮৮ খোলা আছে যার মাধ্যমে সমিতিটি নিয়মিত লেনদেন করে থাকে। |
| কর্মকান্ডের ছবি | সমিতি হতে ঋণ নিয়ে মাছ চাষ  |
| ১২. অন্যান্যকার্যক্রম | এছাড়াও''মহেশপুর তিনমাথা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি: বিভিন্ন প্রোগ্রামে জন সচেতনতা, বাল্যবিবাহ, শিশু শ্রম,কোভিড-১৯ ইত্যাদি বিষয় সর্ম্পকে আলোচনা করে থাকে। |

# কাথাইল সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ

পরাধীনতার শৃঙ্খল থেকে মুক্ত হয়ে আত্মনির্ভরশীল ও স্বালম্বী হওয়ার দৃঢ় প্রত্যয় নিয়ে সমাজের অবহেলিত পিছিয়ে পড়া জনসাধারনদের নিয়ে জয়পুরহাট জেলার কালাই উপজেলাধীন পুনট ইউনিয়নে গড়ে ওঠে কালাই কাথাইল সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ। জেলা সমবায় কার্যালয় ,জয়পুরহাট থেকে নিবন্ধন নং-৬৪,তারিখঃ ০২/০৬/২০১৬ খ্রিঃ মূলে মাত্র ২৬ (ছাব্বিশ) জন সদস্য নিয়ে সমিতিটি কাজ শুরু করে। সমিতির কর্ম এলাকা ও সভ্য নির্বাচনী এলাকা সমগ্র কালাই পুনট, ইউনিয়ন এর মধ্যে সীমাবদ্ধ। প্রতিষ্ঠালগ্নে সমিতির সদস্যগন শেয়ার ও সঞ্চয় আদায়ের মধ্যেই তাদের কর্মকান্ড সীমিত রেখে ছিলেন। ধীরে ধীরে সমিতির কর্মকান্ড ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। সমিতির সদস্যগন তাদের পেশার সাথে মিল ও সামঞ্জস্য রেখে ক্ষুদ্র ঋন প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন ও আর্থিক কার্যক্রম বান্ধব বিভিন্ন কর্মকান্ড পরিচালনা করতে থাকে। ফলশ্রুতিতে সমিতির বর্তমান শেয়ার মূলধনের পরিমান ৩০৬০০/- টাকা, সঞ্চয় আমানতের পরিমান ৩৫৮০০/-টাকা এবং কার্যকরী মূলধনের পরিমান ৬৬৬২২/-টাকা। বর্তমান সদস্য সংখ্যা ২৬ জন। অত্র সমিতির কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ০৬ সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটির সদস্যগন ও অন্যান্য উপ-কমিটি তাদের অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে আসছে।

**সমিতির উল্লেখযোগ্য কার্যক্রমঃ-**

সমিতির বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম গ্রহন ও বাস্তবায়নের মাধ্যমে এ পর্যন্ত প্রায় ১৫ জনের অধিক লোকের স্ব-কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে।

- সমিতির বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম গ্রহন ও বাস্তবায়নের মাধ্যমে এ পর্যন্ত প্রায় ১৫ জনের অধিক লোকের স্ব-কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। হাঁস-মুরগী পালন,গরু ছাগল পালন এবং বসতবাড়ীর আশেপার্শে
- শেয়ার ,সঞ্চয় আদায় ছাড়াও সমিতির উল্লেখযোগ্য কার্যক্রম সমূহ হলো হাঁস-মুরগী পালন,গরু ছাগল পালন এবং বসতবাড়ীর আশেপার্শে অবহেলিতভাবে পড়ে থাকা জমিতে সাক সবজি চাষ ইত্যাদি উন্নয়ন মূলক কর্মকান্ড পরিচালিত হয়।
- কুষ্ঠ মহিলা/পুরুষদেরসদস্য মানসিক উৎকর্ষ সাধনের জন্য বিভিন্ন আত্ন-নির্ভরশীল কার্যক্রম সৃষ্টি।
- দেশ ও জাতির ইতিহাস ও ঐতিহ্যকে সমুন্নত এবং তা বর্তমান প্রজন্মের কাছে তুলে ধরার জন্য বিভিন্ন জাতীয় দিবস উদযাপন।
- গ্রামের অস্বচ্ছল কুষ্ঠ পরিবারের ছাত্র-ছাত্রীদের বিশেষ করে স্কুলের ঝড়ে পড়া ছাত্র-ছাত্রীদের জন্য পড়াশুনার ব্যবস্থা।
- সমিতি প্রতিবছর জাতীয় সমবায় দিবস পালন করে সদস্যদের দেশ ও জাতি গঠনে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে।
- সমিতি বিভিন্ন সময়ে এলাকার অর্থনৈতিকভাবে অসচ্ছল কুষ্ঠও(শারিরিক)প্রতিবন্ধীসদস্যদের বিবাহসম্পূর্ন করার জন্য আর্থিক সহায়তা প্রদান।

**নারী সদস্যদেক্ষমতায়নে সমিতির উদ্যোগ ও ভূমিকাঃ-**

নারী ক্ষমতায়ন অত্যন্ত জরুরী। সমাজের মহিলা/পুরুষদের ক্ষমতায়নে সমিতির বিভিন্ন উদ্যোগ ও ভুমিকা রয়েছে। সমিতিকে এগিয়ে নেওয়ার জন্য সমবায় সমিতি অন্যান্য সংগঠন থেকে অধিক কার্যকর। তাই পিছিয়ে পড়া নারীদের সমবায় সমিতিতে সদস্য হিসাবে অন্তর্ভুক্তির জন্য সমবায় সম্পর্কিত প্রশিক্ষণ এবং নের্তত্ব বিষয়ক প্রশিক্ষণ জেলা ও উপজেলা সমবায় কাযালয় কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহন করে থাকে। সমিতির গণতান্ত্রিক চর্চার মাধ্যমে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ও সাধারণ সভা অনুষ্ঠান করার ফলে নেতৃত্বের বিকাশ ঘটছে। আর্থ-সামাজিক উন্নয়নে

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

ভবিষ্যতে সমিতির মাধ্যমে বিভিন্ন প্রকল্প গ্রহনের পরিকল্পনা রয়েছে যেখানে সদস্যদের কর্মসংস্থান সৃষ্টির উদ্যেগ গ্রহন করা । এছাড়া সামাজিক বিভিন্ন কর্মকান্ডে অবদান রাখার পরিকল্পনা রয়েছে।



কাথাইল সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ ব্যবস্থাপনা কমিটির সভা।

**উপসংহারঃ-** সরকারি আর্থিক সহায়তা পেলে অদূর ভবিষ্যতে সমাজের অবহেলিত নারীদের পাশে দাড়াঁনো এবং বিভিন্ন উন্নয়ন মুলক কর্মকান্ডের মাধ্যমে এই সমিতিটি গতিশীল ও বেগবান হবে এবং সদস্যদের জীবন মানের ও উন্নয়ন সাধিত হবে।



কাথাইলসার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ সদস্যগনের মধ্যে ঋন বিতরনের চেক প্রদান

(মোঃজাহাঙ্গীর আলম)
উপজেলা সমবায় অফিসার
কালাই,জয়পুরহাট।

# বেগুনগ্রাম নয়াপাড়া মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ

পরাধীনতার শৃঙ্খল থেকে মুক্ত হয়ে আত্মনির্ভরশীল ও স্বালম্বী হওয়ার দৃঢ় প্রত্যয় নিয়ে সমাজের অবহেলিত পিছিয়ে পড়া মৎস্যজীবিদের জয়পুরহাট জেলার কালাই উপজেলাধীন শান্তিনগর ইউনিয়নে গড়ে ওঠে বেগুনগ্রাম নয়াপাড়া মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ। জেলা সমবায় কার্যালয় ,জয়পুরহাট থেকে নিবন্ধন নং-২৫৫,তারিখঃ ০২/০২/২০১০ খ্রিঃ মূলে মাত্র ২২ (বাইশ) জন সদস্য নিয়ে সমিতিটি কাজ শুরু করে। সমিতির কর্ম এলাকা ও সভ্য নির্বাচনী এলাকা সমগ্র বেগুনগ্রাম এর মধ্যে সীমাবদ্ধ। প্রতিষ্ঠালগ্নে সমিতির সদস্যগন শেয়ার ও সঞ্চয় আদায়ের মধ্যেই তাদের কর্মকান্ড সীমিত রেখেছিলেন। ধীরে ধীরে সমিতির কর্মকান্ড ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। সমিতির সদস্যগন তাদের পেশার সাথে মিল ও সামঞ্জস্য রেখে মৎস্যজীবী গ্রহন ও বাস্তবায়নওআর্থিক কার্যক্রম বান্ধব বিভিন্ন কর্মকান্ড পরিচালনা করতে থাকে। ফলশ্রুতিতে সমিতির বর্তমান শেয়ার মূলধনের পরিমান ৮৮০০/- টাকা, সঞ্চয় আমানতের পরিমান ২০৭০০/-টাকা এবং কার্যকরী মূলধনের পরিমান ২৯৭৩০/-টাকা। বর্তমান সদস্য সংখ্যা ২২ জন। অত্র সমিতির কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ০৬ সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটির সদস্যগন ও অন্যান্য উপ-কমিটি তাদের অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে আসছে।

**সমিতির উল্লেখযোগ্য কার্যক্রমঃ-**

- সমিতির বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম গ্রহন ও বাস্তবায়নের মাধ্যমে এ পর্যন্ত প্রায় ১৫ জনের অধিক লোকের স্ব-কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে।
- শেয়ার ,সঞ্চয় আদায় ছাড়াও সমিতির উল্লেখযোগ্য কার্যক্রম সমূহ হলো মাছ চাষ,হাঁস-মুরগী পালন,গরু ছাগল পালন এবং বসতবাড়ীর আশেপার্শে অবহেলিতভাবে পড়ে থাকা জমিতে সাক সবজি চাষ ইত্যাদি উন্নয়ন মূলক কর্মকান্ড পরিচালিত হয়।
- মৎস্যজীবী মহিলা/পুরুষদের সদস্য মানসিক উৎকর্ষ সাধনের জন্য বিভিন্ন আত্ন-নির্ভরশীল কার্যক্রম সৃষ্টি।
- দেশ ও জাতির ইতিহাস ও ঐতিহ্যকে সমুন্নত এবং তা বর্তমান প্রজন্মের কাছে তুলে ধরার জন্য বিভিন্ন জাতীয় দিবস উদযাপন।
- গ্রামের অস্বচ্ছল মৎস্যজীবী পরিবারের ছাত্র-ছাত্রীদের বিশেষ করে স্কুলের ঝড়ে পড়া ছাত্র-ছাত্রীদের জন্য পড়াশুনার ব্যবস্থা।
- সমিতি প্রতিবছর জাতীয় সমবায় দিবস পালন করে সদস্যদের দেশ ও জাতি গঠনে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে।
- সমিতি বিভিন্ন সময়ে এলাকার অর্থনৈতিকভাবে অসচ্ছল মৎস্যজীবী সদস্যদের আর্থিক সহায়তা প্রদান।

**বেগুনগ্রাম নয়াপাড়া মৎস্যজীবীদের ক্ষমতায়নে সমিতির উদ্যোগ ও ভূমিকাঃ-**

মৎস্যজীবি মহিলা/পুরুষদের ক্ষমতায়নে সমিতির বিভিন্ন উদ্যোগ ও ভুমিকা রয়েছে। সমিতিকে এগিয়ে নেওয়ার জন্য মৎস্যজীবীদের ক্ষমতায়ন অত্যন্ত জরুরী। সমাজের আর্থ-সামাজিক উন্নয়নে সমবায় সমিতি অন্যান্য সংগঠন থেকে অধিক কার্যকর। তাই পিছিয়ে পড়া মৎস্যজীবীদের সমবায় সমিতিতে সদস্য হিসাবে অন্তর্ভুক্তির জন্য সমবায় সম্পর্কিত প্রশিক্ষণ এবং নের্তত্ব বিষয়ক প্রশিক্ষণ জেলা ও উপজেলা সমবায় কাযালয় কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহন করে থাকে। সমিতির গণতান্ত্রিক চর্চার মাধ্যমে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ও সাধারণ সভা অনুষ্ঠান করার ফলে নেতৃত্বের বিকাশ ঘটছে।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

ভবিষ্যতে সমিতির মাধ্যমে বেশী বেশী করে পুকুর লিজ গ্রহনের মাধ্যমে সদস্যদের আর্থ সামাজিক অস্থার উন্নয়ন আধুনিক পদ্ধতিতে মাছ চাষের মাধ্যমে মৎস্যজীবী সদস্যদের কর্মসংস্থান সৃষ্টির উদ্যেগ গ্রহন করা । এছাড়া সামাজিক বিভিন্ন কর্মকান্ডে অবদান রাখার পরিকল্পনা রয়েছে।

পুকুরে জাল টানা



**উপসংহারঃ-** সরকারি আর্থিক সহায়তা পেলে অদূর ভবিষ্যতে মৎস্যজীবি এই সমিতিটি গতিশীল ও বেগবান হবে এবং তাদের জীবন মানের ও উন্নয়ন সাধিত হবে।

স্বাক্ষরিত
(মোঃজাহাঙ্গীর আলম)
উপজেলা সমবায় অফিসার
কালাই,জয়পুরহাট।